দৈনিক বাংলা

011

16 JAN 1988

16 JAN 1988

1 3

# শিশু শ্রমিক স্কুলের প্রস্তাবিত স্থান পরিদর্শনে এরশাদ

প্রেসিডেন্ট এরশাদ শুক্রবার ঢেকার নারিন্দা-ধোলাইখাল এলাকার ক্ষুদ্র শিল্প কারখানার শিশু শ্রমিকদের জন্য একটি প্রাথমিক স্কুলের প্রস্তাবিত স্থান পরিদর্শন করেন।

বাসস-র খবরে প্রকাশ, প্রস্তাবিত স্থানটি ধোলাইখাল এলাকার কাছাকাছি। সেখানে বিভিন্ন ওয়ার্কশপে কর্মরত প্রায় দু'তিন হাজার শিশু শ্রমিকের জন্য স্কুলটি নির্মাণ করা হবে।

৫-এর পৃঃ দ্রঃ

## শিশু শ্রমিক স্কুল

(প্রথম পৃঃ পর)

প্রেসিডেন্টের এই পরিদর্শনকালে শিক্ষামন্ত্রী মাহবুবুর রহমান তার সঙ্গে ছিলেন। প্রেসিডেন্টকে তিনি জানান, এলাকায় দুটো প্রাথমিক স্কুল প্রতিষ্ঠার জন্য প্রেসিডেন্টের প্রদত্ত নির্দেশ বাস্তবায়নে এই স্কুলটি হচ্ছে প্রথম পদক্ষেপ।

মন্ত্রী জানান, ধোলাইখাল এলাকায় স্কুলটির নির্মাণকাজ চলতি মাসে শুরু হবে। তিনি বলেন, দেশের অন্যান্য এলাকায় পর্যায়ক্রমে এধরনের স্কুল প্রতিষ্ঠা করা হবে।

প্রেসিডেন্ট গত বুধবার ধোলাইখাল এলাকা পরিদর্শনে গিয়ে শিক্ষা মন্ত্রণালয়কে এলাকার বিভিন্ন ওয়ার্কশপে নিয়োজিত শিশু শ্রমিকদের জন্য দুটো প্রাথমিক স্কুল স্থাপনের নির্দেশ দেন।

গতকাল স্কুলের প্রস্তাবিত স্থান পরিদর্শনকালে প্রেসিডেন্ট এরশাদ স্কুল নির্মাণের বিষয়ে স্থানীয় লোকজনের সঙ্গে আলাপ করেন। স্থানীয় জনগণ এধরনের মহৎ উদ্যোগ নেয়ার জন্য প্রেসিডেন্টের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।